



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.১২৫৪

তারিখ: ৩০ কার্তিক ১৪২৭

১৫ নভেম্বর ২০২০

বিষয়: চট্টগ্রাম বিভাগে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য ডিআরটিসি/আইআরটিসি'র মাধ্যমে ২৩৮৯ মে.টন বোরো'২০ আতপ চালের চলাচলসূচির অনুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ১২/১১/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২১০.৪৪.০১২.২০.৬৪২৫ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাগড়াছড়ি জেলায় কয়েকটি এলএসডিতে ভিজিডি, ভারত প্রত্যাগত শরণার্থী, জেএসএস, খাদ্যবান্ধব, জিআর ইত্যাদি খাতে বিতরণের জন্য ফেনী, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া জেলার বিভিন্ন এলএসডি এবং চাঁদপুর সিএসডি, দেওয়ানহাট সিএসডি ও হালিশহর সিএসডি হতে মোট ২৩৮৯ মে.টন বোরো'২০ আতপ চালের চলাচলসূচি জারির অনুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে খাগড়াছড়ি জেলায় কয়েকটি এলএসডিতে ভিজিডি, ভারত প্রত্যাগত শরণার্থী, জেএসএস, খাদ্যবান্ধব, জিআর ইত্যাদি খাতে বিতরণের জন্য ফেনী, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া জেলার বিভিন্ন এলএসডি এবং চাঁদপুর সিএসডি, দেওয়ানহাট সিএসডি ও হালিশহর সিএসডি হতে মোট ২৩৮৯ মে.টন বোরো'২০ আতপ চাল ডিআরটিসি/আইআরটিসি'র মাধ্যমে স্থানান্তর প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো।

সারণি-১ : চট্টগ্রাম বিভাগে বোরো'২০ আতপ চালের চলাচলসূচির অনুমোদন

ক্র.নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম	হালিশহর সিএসডি	খাগড়াছড়ি	খাগড়াছড়ি এলএসডি	১০০	বোরো'২০ আতপ চাল	সড়ক পথ	
২.	ঐ	ঐ	ঐ	পানছড়ি এলএসডি	৫০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	ঐ	গুইমারা এলএসডি	২০০	ঐ	ঐ	
৪.	ঐ	ঐ	ঐ	তবলছড়ি এলএসডি	১০০	ঐ	ঐ	
৫.	ঐ	ঐ	ঐ	তাইন্দং এলএসডি	১০০	ঐ	ঐ	
৬.	ঐ	ঐ	ঐ	মানিকছড়ি এলএসডি	১০০	ঐ	ঐ	
৭.	ঐ	দেওয়ানহাট সিএসডি	ঐ	খাগড়াছড়ি এলএসডি	২০০	ঐ	ঐ	
৮.	ঐ	ঐ	ঐ	মহালছড়ি এলএসডি	১০০	ঐ	ঐ	
৯.	ঐ	ঐ	ঐ	পানছড়ি এলএসডি	৫০০	ঐ	ঐ	
১০.	ঐ	ঐ	ঐ	গুইমারা এলএসডি	১০০	ঐ	ঐ	
১১.	ঐ	ঐ	ঐ	তবলছড়ি এলএসডি	১০০	ঐ	ঐ	
১২.	ঐ	ঐ	ঐ	তাইন্দং এলএসডি	১০০	ঐ	ঐ	
১৩.	ঐ	ঐ	ঐ	মানিকছড়ি এলএসডি	১০০	ঐ	ঐ	
১৪.	ফেনী	ছাগলনাইয়া এলএসডি	ঐ	খাগড়াছড়ি এলএসডি	৯	ঐ	ঐ	
১৫.	কুমিল্লা	হোমনা এলএসডি	ঐ	খাগড়াছড়ি এলএসডি	২০	ঐ	ঐ	
১৬.	ব্রাহ্মণবাড়িয়া	নাসিরনগর এলএসডি	ঐ	খাগড়াছড়ি এলএসডি	৩৪	ঐ	ঐ	
১৭.	চাঁদপুর	চাঁদপুর সিএসডি	ঐ	খাগড়াছড়ি এলএসডি	২৬	ঐ	ঐ	
				মোট =	২৩৮৯			

উল্লেখ্য, চলাচল পরিকল্পনা প্রণয়ন করে চট্টগ্রাম বিভাগে সূচি জারির পূর্বানুমোদনের প্রস্তাব অন্তত একমাস পূর্বে (বিশেষ প্রয়োজন ব্যতিত) খাদ্য অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুসরণীয় নির্দেশনাবলি:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৪) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেন্সিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৫-১১-২০২০

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.১২৫৪/১(১২)

তারিখ: ৩০ কার্তিক ১৪২৭

১৫ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি, চট্টগ্রাম
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেনী, চট্টগ্রাম
- ১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা, চট্টগ্রাম
- ১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম
- ১২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁদপুর, চট্টগ্রাম



১৫-১১-২০২০

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক